

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশি অনলাইন ব্লগার্স কমিউনিটি গত ৩ জানুয়ারি, ২০০৯ থেকে একাত্তরের যুদ্ধাপরাধীদের বিচারের দাবিতে দেশে ও বিদেশে "গণস্বাক্ষর" কার্যক্রম পরিচালনা করে আসছে। এই কার্যক্রমের প্রথম ধাপটি শেষ হয় ২১ ফেব্রুয়ারি, ২০০৯। উক্ত কার্যক্রমটি গণ-মাধ্যমে তুলে ধরার জন্য গত ২২ ফেব্রুয়ারি জাতীয় প্রেস ক্লাবে "সংবাদ সম্মেলন" অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে মূল প্রবন্ধ পাঠ করেন ব্লগার আইরিন সুলতানা। এছাড়া কার্যক্রম সম্পর্কে নিজেদের অভিজ্ঞতা প্রদান করেন ব্লগার মাহমুদুল হাসান রুবেল ও অরণ্য আনাম। এছাড়া যুদ্ধাপরাধীদের বিচারের আইনি ব্যাখ্যা দান করেন ব্লগার একরামুল হক ও ব্লগার অমি রহমান পিয়াল। প্রথম ধাপে প্রায় দেড় লক্ষের বেশি স্বাক্ষর গ্রহণ করা হয়।

ব্লগার্স কমিউনিটি পুনরায় ২৪ ফেব্রুয়ারি থেকে আবার গণস্বাক্ষরের কার্যক্রম শুরু করে। যা পূর্বের তুলনায় আরো অনেক বড় আকারে। এবার বাংলাদেশের প্রতিটি স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে বিশেষ ক্যাম্পেইন এর মাধ্যমে এই কার্যক্রম পরিচালিত হবে। শুধু ব্লগাররা নয়, সাধারণ জনগণ এই কার্যক্রমে অংশ গ্রহণ করে স্বাক্ষর সংগ্রহ করতে পারবে। কেউ যদি গণস্বাক্ষরের ফর্ম নিয়ে এই কার্যক্রম চালাতে চায় তাহলে, www.somewhereinblog.net অথবা www.amarblog.com থেকে ফর্ম ডাউনলোড করে নিতে পারবে। এছাড়া ব্লগার্স কমিউনিটি নিজস্ব অর্থায়নে ফর্ম ছাপাবে। যেখান থেকে যে কেউ আবেদন করে ফর্ম নিতে পারবে। প্রয়োজনে যোগাযোগ করার জন্য ফোন নম্বর: ০১৯১২১২৪৩৮৯, ০১৭১১৪৬১৮৪১, ০১৭১৩৪৫৩৯৮। এবং ই-মেইল: jbc.seventyone@gmail.com।

দ্বিতীয় পর্যায়ের কার্যক্রমের সাথে "ধর্ম নিয়ে রাজনীতি বা ধর্ম ভিত্তিক রাজনীতি নিষিদ্ধের দাবিতে গণ-সচেতনতা" বৃদ্ধির লক্ষ্যে সকলে কাজ করবে। এই কার্যক্রম ২৬ মার্চ পর্যন্ত চলবে। এরপর সংবাদ সম্মেলনের মাধ্যমে গণ-মাধ্যমকে কার্যক্রমের সকল সংবাদ প্রকাশ করা হবে। তবে, "গণস্বাক্ষর" এর কার্যক্রম যুদ্ধাপরাধীদের বিচার না হওয়া পর্যন্ত চলবে।

নিবেদন

বাংলাদেশি অনলাইন ব্লগার্স কমিউনিটি